প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৬, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মকর্তা ও কর্মচারীদের জন্য মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প (Death Relief Grant Project) নীতিমালা।

প্রথম অধ্যায়

(সূচনা)

যেহেতু প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ২০১৫ সালের ১০ সেপ্টেম্বর মোতাবেক (২৬ ভাদ্র ১৪২২ বাংলা বঙ্গাব্দ) তারিখে অনুষ্ঠিত ৩১তম সভায় প্রবাসী কল্যাণ ব্যাংকের বিভিন্ন শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীদের জন্য **"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প"** প্রবর্তন করার সিদ্ধান্ত প্রদান করিয়াছেন, সেহেতু উক্ত প্রকল্প সম্পর্কে নিম্নলিখিত পদ্ধতিগত নীতিমালা অনুসরণ করা হইবে।

১.০ (ক) **"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প"** নামে এই প্রকল্প অভিহিত হইবে।

(খ) এই প্রকল্প প্রবাসী কল্যাণ ব্যাংকে কর্মরত সকল শ্রেণির স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রযোজ্য হইবে। চুক্তি ভিত্তিতে এবং অস্থায়ীভাবে নিয়োজিত কোনো ব্যক্তি এই প্রকল্পের আওতাভুক্ত হইবে না।

(গ) ১৪২২ বাংলা সনের ....ভাদ্র অর্থাৎ ২০১৫ইং সালের .... সেপ্টেম্বর হইতে এই প্রকল্প কার্যকর হইবে।

দ্বিতীয় অধ্যায়

(কতিপয় ব্যাখ্যা)

২.০ উপযুক্ত কর্তৃপক্ষ অথবা প্রচলিত কোনো আইনের আওতায় অন্যভাবে ব্যাখ্যায়িত না হওয়া পর্যন্ত এই প্রকল্পের আওতায় নিম্নলিখিত শব্দ/শব্দাবলী/বিষয়/বিষয়াদির সংজ্ঞা নিম্নরূপ হইবেঃ-

(ক) **"ব্যাংক"** বলিতে **"প্রবাসী কল্যাণ ব্যাংক"** বুঝাইবে।

(খ) **"পরিচালনা পর্ষদ"** বলিতে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদকে বুঝাইবে।

(গ) **"পরিবার"** বলিতে উপরে ১(খ) এ বর্ণিত কর্মকর্তা ও কর্মচারীদের স্ত্রী, স্ত্রীগণ (পুরুষ কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে), স্বামী (মহিলা কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে) আইনানুগ সন্তান সন্ততি এবং পালিত সন্তান-সন্ততি (হিন্দু কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে) পিতামাতা, অপ্রাপ্ত বয়স্ক ভাই, অবিবাহিত/তালাক প্রাপ্ত / বিধবা বোন যাহারা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল।

(ঘ) **"অনুদান"** বলিতে "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্পে" এর আওতায় প্রদত্ত আর্থিক অনুদানকে বুঝাইবে।

(ঙ) **"চাকুরী বিধি"** বলিতে প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ এবং পরবর্তীতে উক্ত চাকুরী বিধির পরিবর্তন/পরিবর্ধন ও সংযোজনকে বুঝাইবে।

তৃতীয় অধ্যায়

(প্রকল্পের উদ্দেশ্য)

৩.০ **উদ্দেশ্য** ঃ প্রবাসী কল্যাণ ব্যাংকের কোনো কর্মকর্তা বা কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পরিবারকে আর্থিক সহায়তা/অনুদান প্রদান করাই হইবে এই প্রকল্পের উদ্দেশ্য।

চতুর্থ অধ্যায়

(অনুদানের পরিমাণ)

৪.০ **অনুদানের পরিমাণ/হার** ঃ ব্যাংকের কোনো কর্মকর্তা বা কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পদনাম/গ্রেড অনুযায়ী তাহার মনোনীত/মনোনীতকদিগকে/আইনানুগ উত্তরাধিকারীকে/ উত্তরাধিকারীগণকে এই প্রকল্পের অধীনে নিম্নলিখিত হারে মৃত্যু পরবর্তী অনুদান প্রদান করা হইবে।

ক্রম	পদবী/গ্রেড বিভাগ	আর্থিক সুবিধার পরিমাণ (লক্ষ টাকায়)
০১.	এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (মহাব্যবস্থাপক) ও তদূর্ধ্ব	৮,০০,০০০/-
০২.	ভাইস প্রেসিডেন্ট (উপমহাব্যবস্থাপক)	৬,৫০,০০০/-
০৩.	ডেপুটি ভাইস প্রেসিডেন্ট (সহকারী মহাব্যবস্থাপক)/ এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট (সিনিয়র প্রিন্সিপাল অফিসার) /সমমান	৫,২৫,০০০/-
০৪.	প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার (প্রিন্সিপাল অফিসার) /সমমান	৪,০০,০০০/-
০৫.	সিনিয়র এক্সিকিউটিভ অফিসার(সিনিয়র অফিসার)/এক্সিকিউটিভ অফিসার (অফিসার)/সমমান	৩,২৫,০০০/-
০৬.	জুনিয়র এক্সিকিউটিভ অফিসার/ ১১ তম গ্রেডের কর্মচারী	৩,০০,০০০/-
০৭.	সকল ১৬ এবং ২০ তম গ্রেডের কর্মচারী	২,৫০,০০০/-

পঞ্চম অধ্যায়

(অর্থ বরাদ্ধ)

৫.০ **অর্থ বরাদ্ধ** ঃ উক্ত প্রকল্পের অধীনে প্রদেয় অনুদানের অর্থ প্রদান করার উদ্দেশ্যে প্রতি অর্থ বৎসরে **"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প"** খাতে ব্যাংকের রাজস্ব বাজেটে যুক্তিযুক্তভাবে গ্রহণযোগ্য পরিমাণ অর্থ বরাদ্দ রাখিতে হইবে।

ষষ্ঠ অধ্যায়

(মনোনয়ন পত্র)

৬.০ **মনোনয়ন পত্র** ঃ "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" এর আওতায় প্রদেয় অনুদানের অর্থ প্রদানের জন্য ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ নির্ধারিত মনোনয়ন পত্র (ফরম-ক) অনুযায়ী তাহাদের পরিবারের সদস্য/সদস্যগণকে মনোনীত করিবেন। এই ক্ষেত্রে পরিবার বলিতে অত্র নীতিমালার ২(গ) এ বর্ণিত সংজ্ঞা প্রযোজ্য হইবে। মনোনয়ন পত্র প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগে জমা দিতে হইবে। পরবর্তীতে কোনো কর্মকর্তা/কর্মচারী/মনোনীতক/মনোনীতকদের নাম পরিবর্তন, বাতিল বা সংখ্যা বাড়াইতে চাহিলে নির্ধারিত মনোনয়ন পত্রের মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে তাহা ঘোষণা করিবেন। মনোনয়ন পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে এবং আরেকটি কপি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে সংরক্ষিত থাকিবে। মানব সম্পদ বিভাগ ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর মনোনয়ন গ্রহণ নিশ্চিত করিবে।

সপ্তম অধ্যায়

(আবেদন পত্র)

৭.০ **আবেদন পত্র** ঃ **"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প"** এর আওতায় মৃত ব্যক্তির মনোনীতক/মনোনীতকগণ অনুদানের জন্য নিম্নলিখিত দলিল পত্রাদি/কাগজ পত্রাদিসহ নির্ধারিত ফরমে (ফরম-খ) আবেদন পেশ করিবেনঃ-

(ক) মৃত্যুর তারিখ উল্লেখপূর্বক আইনানুগ ছাড়পত্রধারী ডাক্তারের/হাসপাতালের মৃত্যু প্রত্যয়নপত্র।

(খ) স্থানীয় ইউনিয়ন পরিষদ /পৌরসভা চেয়ারম্যানের নিকট হইতে মৃত্যু প্রত্যয়নপত্র।

(গ) ব্যাংক কর্তৃক মৃত কর্মকর্তা/কর্মচারীর চাকুরী জীবনের পরিসমাপ্তি সংক্রান্ত কোন অফিস নির্দেশ বা প্রত্যয়ন পত্র ইস্যু হইয়া থাকিলে উহার অনুলিপি।

(ঘ) ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (ব্যবস্থাপনা পরিচালক) আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে অনুদানের অর্থ পরিশোধের ব্যবস্থা করিবেন।

(ঙ) উক্ত অনুদান প্রদান করিয়া পরবর্তীতে পরিচালনা পর্ষদের কার্যোত্তর অনুমোদন গ্রহণ করিতে হইবে।

অষ্টম অধ্যায়

(অনুদানের অর্থ প্রদান)

৮.০ **অনুদানের অর্থ প্রদান** ঃ (ক) সপ্তম অধ্যায়ের বর্ণিত পদ্ধতি মোতাবেক অনুদান প্রাপ্তির আবেদন প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগে অনুলিপিসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী সর্বশেষ যে কার্যালয়ে/শাখায় কর্মরত ছিলেন সেই কার্যালয়/শাখা প্রধানের নিকট দাখিল করিতে হইবে। সংশ্লিষ্ট কার্যালয়/শাখা আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলপত্র পরীক্ষা ও যাচাই করিয়া সুপারিশসহ প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগে প্রেরণ করিবেন।

(খ) আবেদন প্রাপ্তির পর মানব সম্পদ বিভাগ কর্তৃক তাহা পরীক্ষা ও যাচাই করিয়া মৃত কর্মকর্তা/কর্মচারীর জন্য প্রযোজ্য হারে অনুদানের অর্থ প্রদানের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিবে। মানব সম্পদ বিভাগ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনসহ মৃত কর্মকর্তা/কর্মচারীর মনোনীতক/মনোনীতকদের অথবা আইনানুগ ওয়ারীশানদের অনুকূলে প্রাপ্য অনুদানের অর্থ প্রদানের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগকে পরামর্শ প্রদান করিবে। কেন্দ্রীয় হিসাব বিভাগ তদনুযায়ী অনুদানের অর্থ প্রদানের ব্যবস্থা করিবে।

(গ) এই প্রকল্প কার্যকর হওয়ার তারিখ হইতে মনোনয়ন দাখিলের পূর্বে কোনো কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত অর্থ প্রদানের জন্য যাহাকে যেভাবে মনোনীত করিয়াছেন তাহাকে সেইভাবে এই অনুদানের অর্থ প্রদান করা হইবে।

নবম অধ্যায়

(নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন)

৯.০ **নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন** ঃ ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে **'মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প'** এবং উক্ত প্রকল্পের এই নীতিমালা অথবা নীতিমালার যে কোনো ধারা/উপধারা বা শর্ত প্রয়োজনবোধে বাতিল/পরিবর্তন/পরিবর্ধন করা যাইবে।

****

প্রবাসী কল্যাণ ব্যাংক

ফরম-ক

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্পের অধীনে প্রদেয় অনুদানের জন্য মনোনয়নপত্র

আমি এতদ্বারা নিম্নবর্ণিত ব্যক্তিকে/ব্যক্তিদিগকে চাকুরীরত অবস্থায় আমার মৃত্যুর পর প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্পের অধীনে প্রদেয় অনুদান/প্রাপ্য অর্থ গ্রহণ করিবার জন্য মনোনীত করিলাম। উক্ত প্রকল্পের অধীনে প্রাপ্য অনুদান গ্রহণের সময় যদি আমার মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণ অপ্রাপ্ত বয়স্ক থাকে তবে তাহা আমার .... জনাব .... এর মাধ্যমে প্রদান করা যাইতে পারে যিনি আমার মনোনীতক/মনোনীতকদের পক্ষ হইতে তাহা গ্রহণ করিবেন।

ক্রম	মনোনীতক ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ণ নাম ও ঠিকানা	কর্মকর্তার/কর্মচারীর সাথে সম্পর্ক	মনোনীতক (গণের) বয়স	একাধিক ব্যক্তি মনোনীতক হইলে প্রত্যেকের অংশ (%)	মনোনীতক এর স্বাক্ষর
১	২	৩	৪	৫	৬
১।					
২।					
৩।					

স্বাক্ষীঃ

০১। স্বাক্ষরঃ ....
নামঃ ....
পদবীঃ ....
ঠিকানাঃ ....
....
তারিখঃ..

০২। স্বাক্ষরঃ ....
নামঃ ....
পদবীঃ ....
ঠিকানাঃ ....
....
তারিখঃ..

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর

পূর্ণ নামঃ ....
পিতা/স্বামীর নামঃ ....
তারিখঃ ....
পদ নামঃ ....
অফিসের ঠিকানাঃ ....
....

স্থায়ী ঠিকানাঃ ....
....

সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর
আমা কর্তৃক প্রতিপালিত
শাখা ব্যবস্থাপক/আঞ্চলিক প্রধান/
বিভাগীয় প্রধান (সীলমহোরসহ)

বিঃদ্রঃ মনোনীতক/মনোনীতকগণের ২(দুই) কপি ছবি সংশ্লিষ্ট শাখার ব্যবস্থাপক/অফিস প্রধান কর্তৃক সত্যায়িত করিয়া আলোচ্য ফরমের সাথে জমা করিতে হইবে।

প্রবাসী কল্যাণ ব্যাংক

ফরম-খ

প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের জন্য
"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" খাত
হইতে অনুদান পাওয়ার আবেদন।

০১। মৃত্যু কর্মকর্তা/কর্মচারীর বিবরণঃ
ক) নাম ঃ
খ) পিতা/স্বামীর নাম ঃ
গ) চাকুরীতে যোগদানের তারিখ ঃ
ঘ) মৃত্যুকালীন সময়ে পদবী ঃ
ঙ) শেষ কর্মস্থল ঃ

০২। মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ ঃ
অথবা ওয়ারীশ/
ওয়ারীশানদের পূর্ণ নাম, বয়স,
ঠিকানা ও সম্পর্ক

০৩। মৃত্য প্রত্যায়ন পত্রের বিবরণঃ
ক) আইনানুগ ছাড়পত্রধারী
ডাক্তার/হাসপাতালের নাম
খ) মৃত্যুর সময় ও তারিখ ঃ
গ) প্রত্যয়ন পত্রের তারিখ ঃ

০৪। অনুদানের পরিমাণ ঃ

০৫। যে শাখার (প্রবাসী কল্যাণ ব্যাংকের) মাধ্যমে অনুদানের টাকা গ্রহণ করিতে ইচ্ছুক তাহার
ক) নামঃ
খ) হিসাব নং

আবেদনকারী/আবেদনকারীগণের স্বাক্ষর

০৬। অনাদায়ী ঋণ/অগ্রীম এবং দায় দেনার বিবরণ উল্লেখসহ
সর্বশেষ কর্মস্থলের দপ্তর প্রধানের সুপারিশ।

তারিখঃ .... শাখা/দপ্তর প্রধানের স্বাক্ষর
(নামসহ পূর্ণসীলমহোর)